

## দুর্যোগপূর্ণ আবহাওয়া : লামায় পর্যটন কেন্দ্র সাময়িক বন্ধ

- A Monitor Desk Report

Date: 15 July, 2025



বান্দরবান : সপ্তাহব্যাপী টানা বর্ষণের কারণে পাহাড় খসের আশঙ্কায় বান্দরবানের লামা এলাকার পর্যটন কেন্দ্রগুলো সাময়িকভাবে বন্ধ রাখতে বলেছে স্থানীয় প্রশাসন।

উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে। উপজেলা নির্বাহী অফিসার মো. মঈনুদ্দিন এতে সভাপতিত্ব করেন।

এর আগে, গত মাসেও প্রতিকূল আবহাওয়ার কারণে উপজেলার মিরিঞ্জা ভ্যালী ও সুখিয়া-দুখিয়া ভ্যালীসহ বিভিন্ন পাহাড়ের ঢালে অবস্থিত অবকাশ কেন্দ্র এবং রিসোর্টসমূহ বন্ধ রেখেছিল।

উপজেলা প্রশাসনের পক্ষ থেকে বলা হয়েছে, বর্ষায় পাহাড়ি এলাকাগুলো ঝুঁকিপূর্ণ হয়ে ওঠে। এমন অবস্থায় ঝুঁকি এড়াতে এমন ব্যবস্থা আরোপ করা হয়েছে। পরিস্থিতির উন্নতি হলে পর্যটন কেন্দ্রগুলো আবার খুলে দেওয়া হবে।

-B